JAN 2001 JAN 2001

# আইডিয়াল স্কুলে ভর্তিযুদ্ধ ॥ ৭০ আসনে তিন হাজার পরীক্ষার্থী!

**স্টাফ রিপোর্টার ॥** রাজধানীর আইডিয়াল স্কুল ও কলেজের সামনে শুক্রবার প্রায় ২০ হাজার অভিভাবক গভীর উদ্বেগ, উৎকণ্ঠা নিয়ে অপেক্ষা করেন। নানা চেষ্টার পরও প্রিয় সন্তানসন্ততি ভর্তির সুযোগ পায় কি না-এটিই ছিল তাঁদের উৎকণ্ঠার কারণ।

আইডিয়াল উচ্চবিদ্যালয় ও কলেজে প্রথম শ্রেণীতে ভর্তি পরীক্ষা ছিল শুক্রবার। স্কুলের মতিঝিল শাখায় ৭০ আসনের জন্য তিন হাজারের বেশি পরীক্ষার্থী অংশ নেয়। আইডিয়াল

(২- পৃষ্ঠা ৩-এর কঃ দেখুন)

## আইডিয়াল স্কুলে

(প্রথম পাতার পর)

স্কুলের অন্যান্য শ্রেণীতে ভর্তি পরীক্ষা আগামী ৭ ও ৯ জানুয়ারি অনুষ্ঠিত হবে। এ ছাড়া আইডিয়াল বনশ্রী শাখার প্রথম শ্রেণী থেকে নবম শ্রেণী পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হবে আগামী ১২, ১৪ ও ১৬ জানুয়ারি।

সকাল সাড়ে ৯টা থেকে সাড়ে ১১টা পর্যন্ত ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হয়। তিন হাজার পরীক্ষার্থীর সঙ্গে আনুমানিক প্রায় ২০ হাজার অভিভাবক স্কুল প্রাঙ্গণে এসে অবস্থান নেন। প্রচুরসংখ্য অভিভাবকের ভিড়ের কারণে সকাল ৮টা থেকে দুপুর ১২টা পর্যন্ত স্কুলের সামনের রাস্তা বন্ধ করে রাখা হয়। পরীক্ষা কেন্দ্রে প্রিয় সন্তানসন্ততিকে পাঠিয়ে অভিভাবকরা গভীর উদ্বেগ, উৎকণ্ঠা নিয়ে বাইরে অপেক্ষা করেন। দীর্ঘক্ষণ দাঁড়িয়ে থেকে এক অভিভাবক অজ্ঞান হয়ে যান। পরীক্ষা দিয়ে বের হতেই অভিভাবকরা কোমলমতি শিশুদের নানা প্রশ্নবাণে জর্জরিত করেন। অভিভাবকদের মধ্যে উৎকণ্ঠার অন্ত ছিল না। কারণ বেসরকারী নামিদামি স্কুলের মধ্যে অধিকাংশই ভর্তি পরীক্ষা ইতোমধ্যে শেষ হয়ে গেছে। এ বছর সুযোগ না পেলে ভাল স্কুলে ভর্তির জন্য আবার এক বছর অপেক্ষা করতে হবে।

এদিকে ভিকারুননিসা নূন স্কুলের প্রথম শ্রেণীর ভর্তি পরীক্ষা, দ্বিতীয় দিনের মতো শুক্রবার অনুষ্ঠিত হয়েছে। উল্লেখ্য, এই স্কুলে দিনব্যাপী ভর্তি পরীক্ষা অনুষ্ঠিত হচ্ছে। আজ শনিবার শেষ দিন।